

# বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারী ৩, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই মাঘ, ১৩৯৪/২রা ফেব্রুয়ারী, ১৯৮৮

নং এস. আর. ও ২৭-আইন/৮৮/১৭০-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 3(4) এ Section 37 সহ পঠিত, প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, উহার ১৮ই জুন, ১৯৮৭ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এস. আর. ও, ১২৪-এল/৮৭/১৬৪-আবগারী-এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে,—

(১) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে এবং উহা ১লা জানুয়ারী, ১৯৮৮ তারিখে প্রতিস্থাপিত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ—

“৪। বিধি ৩ এ উল্লিখিত ভিত্তি অনুসারে হালকা পানীয় উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিটি ডাল্ড এর উপর প্রতি অর্থ বৎসরে নিম্ন বর্ণিত হারে উৎপাদন ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক ধার্য ও আদায় করা হইবে, যথাঃ

(ক) ঢাকা জেলায় অবস্থিত উক্ত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে, সাত লাখ টাকা;

(খ) চট্টগ্রাম জেলায় অবস্থিত উক্ত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে, ছয় লাখ টাকা; এবং

(গ) অন্যান্য অঞ্চলে অবস্থিত উক্ত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে, পাঁচ লাখ টাকা।”

(২) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৮। উৎপাদনকারী ১লা জুলাই, ১৯৮৭ তারিখ হইতে গণনীয় অর্থ বৎসরের জন্য ২৯শে ফেব্রুয়ারী, ১৯৮৮ এবং পরবর্তী অর্থ বৎসরসমূহের জন্য প্রতি বৎসর ১লা জুলাই এর পূর্বে যে কোন তফসিলী ব্যাংক হইতে পরিশিষ্ট ‘ক’-তে বর্ণিত ফরমে ধার্যকৃত উৎপাদন ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্কের এক-স্বাদশ অংশের সমপরিমাণ অংকের একটি ব্যাংক গ্যারান্টি যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন। উৎপাদনকারী ১লা জুলাই, ১৯৮৭ তারিখ হইতে গণনীয় অর্থ বৎসরের জানুয়ারী হইতে জুন সময়ের জন্য ছয়টি সমান কিস্তিতে (জানুয়ারী

(১১৩১)

মূল্যঃ ৩০ পয়সা

ও ফেরয়ারীর কিস্তি একত্রে প্রদেয়) এবং পরবর্তী প্রতি অর্থ বৎসরে বারটি সমান কিস্তিতে প্রতি মাসের শেষ কার্য দিবসের মধ্যে ধার্যকৃত সমুদয় উৎপাদন ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক "১৪-আবগারী শুল্ক" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিবেন এবং ট্রেজারী চালানের দ্বিতীয় কপি (ডুপ্লিকেট) যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। উৎপাদনকারী আবগারী শুল্কের কোন কিস্তি নির্দিষ্ট সময়ে সরকারী কোষাগারে জমা দিতে ব্যর্থ হইলে গ্যারান্টির শর্তানুযায়ী সংশ্লিষ্ট ডেপুটি বা এ্যাসিস্ট্যান্ট কালেক্টর গ্যারান্টির সমুদয় অর্থ গ্যারান্টি প্রদানকারী ব্যাংক হইতে তুলিয়া সরকারী কোষাগারে জমা দিবেন।"; এবং

(৩) পরিশিষ্ট 'ক' এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

**"পরিশিষ্ট 'ক'**

উৎপাদন ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধিমালা, ১৯৮৭ এর ক্ষেত্রে প্রযোজ্য ব্যাংক গ্যারান্টির ফরম।

(বিধি ৮ দ্রষ্টব্য)

ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর,

..... একসাইজ বিভাগ।

উৎপাদন ক্ষমতা ভিত্তিক আবগারী শুল্ক (হালকা পানীয়) বিধিমালা, ১৯৮৭ এর বিধি ৭ এর বিধান মোতাবেক এবং ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর অব একসাইজ..... এর..... তারিখের নং..... আদেশের মাধ্যমে মেসার্স..... এর উপর..... সালের জন্য ধার্যকৃত..... টাকা..... আবগারী শুল্কের বিপরীতে উহার এক-স্বাদশ অংশের সমপরিমাণ..... টাকা কর্তৃপক্ষকে পরিশোধ করিবার জন্য আমরা..... (ব্যাকের নাম ও ঠিকানা) নিঃশর্ত প্রতিশ্রুতি প্রদান করিতেছি। উক্ত বিধিমালার শর্তানুযায়ী মেসার্স..... উল্লিখিত সময়ের কোন কিস্তির আবগারী শুল্ক যথাযথভাবে পরিশোধে ব্যর্থ হইয়াছেন এই মর্মে উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর অব একসাইজ দাবী জানাইলে, কোন প্রকার প্রশ্ন উত্থাপন না করিয়াই এবং মেসার্স..... এর সহিত যোগাযোগ ব্যতিরেকেই দাবীকৃত অর্থ অবিলম্বে প্রদান করিতে আমরা বাধ্য থাকিব।

এই গ্যারান্টি উক্ত ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কালেক্টর এর সম্মতিক্রমে পূর্বাঙ্কে বাতিল, সংশোধন বা পরিবর্তিত না হইলে ১৯ সালের ১লা জুলাই হইতে ১৯ সালের ৩০শে সেপ্টেম্বর (মোট ১৫ মাস) পর্যন্ত বলবৎ থাকিবে।

এই গ্যারান্টিতে প্রতিশ্রুত অর্থের পরিমাণ..... টাকার উর্ধ্ব হইবে না।

স্থানঃ

তারিখঃ

ব্যাংক কর্মকর্তা/কর্মকর্তাগণের স্বাক্ষর

নামঃ

সীল

এস, এম, আকরাম

সদস্য (আবগারী)

জাতীয় রাজস্ব বোর্ড।